


“অফিস আদেশ”

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম কাস্টম হাউসের মাধ্যমে Carnet de passage সুবিধায় আমদানিকৃত ও অখালাসকৃত ১১২ (একশত বারো) টি গাড়ির নিলাম ০৪/১১/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে (টেন্ডার সেল নং-২১/২০২১)। ই-অকশন এ অংশগ্রহণকারী নিলাম ক্রেতাদের জামানতের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর হার্ডকপি (অরিজিনাল কপি) ০৮/১১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন এ দপ্তরের অকশন শাখায় জমা প্রদান করার জন্য অনুরোধ করা হয়েছিল। অনিবার্য কারণ বশতঃ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর হার্ডকপি (অরিজিনাল কপি) এ দপ্তরের অকশন শাখায় জমা প্রদানের তারিখ আগামী ১০/১১/২০২১ খ্রি. তারিখ অফিস চলাকালীন পর্যন্ত বর্ধিত করা হলো। উল্লিখিত তারিখের মধ্যে ই-অকশন এ অংশগ্রহণকারী কোন নিলামক্রেতার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর হার্ডকপি (অরিজিনাল কপি) এ দপ্তরে জমা প্রদান না করলে তাঁর দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।




(মোঃ আল-আমিন)

ডেপুটি কমিশনার অব কাস্টমস্
কমিশনার অব কাস্টমস এর পক্ষে
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-১২/এডিসি-২/বিবিধ/কমিটি/কার্নেট গাড়ী/২০২০-২১/৩১১৩৬(২৪) তারিখ: ০৮/১১/২০২১ খ্রিঃ।
অনুলিপি: সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো:

- ১। সিস্টেম এ্যানালিস্ট, কাস্টম হাউস, চট্টগ্রাম। তাঁকে অফিস আদেশটি কাস্টম হাউস, চট্টগ্রামের ওয়েবসাইটে এবং ই-অকশনের মাধ্যমে আগ্রহী নিলাম ক্রেতাদের ই-মেইলের মাধ্যমে জানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা। তাঁকে অফিস আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৩। ম্যানেজার: কে.এম কর্পোরেশন, ৩০৬, স্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম। তাঁকে অফিস আদেশটি আগ্রহী সকল নিলাম ক্রেতাকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৪। অফিস কপি।

অফিস কপি



(মোঃ আল-আমিন)

ডেপুটি কমিশনার অব কাস্টমস্
কমিশনার অব কাস্টমস এর পক্ষে
কাস্টম হাউস, চট্টগ্রাম।